



RBI/2016-17/177  
DBR.AML.BC.47/14.01.01/2016-17

ডিসেম্বর ৪, ২০১৬

সমস্ত নিয়ন্ত্রিত সংস্থাসমূহ

মহাশয়া /প্রিয় মহাশয়,

### আপনার গ্রাহককে জানুন –এর উপর পূর্ণাঙ্গ নির্দেশের সংশোধনী

ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৯-এর ধারা ৩৫এ-এর অধীনে ন্যস্ত ক্ষমতাবলে আপনার গ্রাহককে জানুন (কে ওয়াই সি) –এর পূর্ণাঙ্গ নির্দেশের উপর কিছু নির্দিষ্ট সংশোধনী আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দুটি গুরুত্বপূর্ণ পরিবর্তন নীচে নির্দেশিত হচ্ছে:

- কিছু নির্দিষ্ট সীমার মধ্যে e-KYC বিষয়ের উপর একবারের জন্য পিন (OTP) চালু করার পদ্ধতিকে অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
- সমস্ত তফশীলভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলিকে (SCBs) জানুয়ারী ১, ২০১৭ তারিখ বা তারপর চালু হওয়া সমস্ত নতুন একক অ্যাকাউন্ট সংক্রান্ত KYC নিশ্চিত ভাবে কেন্দ্রীয় KYC তথ্য রেজিস্ট্রীতে পূরণ (আপলোড) করতে হবে। যদিও SCBগুলিকে জানুয়ারী মাসে চালু হওয়া অ্যাকাউন্ট সম্বলিত তথ্যগুলি পূরণ করার জন্য ফেব্রুয়ারী ১, ২০১৭ তারিখ পর্যন্ত সময় দেওয়া হয়েছে। SCB ব্যতীত আঞ্চলিক সংস্থা (RE) গুলিকে এপ্রিল ১, ২০১৭ তারিখে অথবা তার পরে চালু হওয়া সমস্ত নতুন একক অ্যাকাউন্ট সংক্রান্ত KYC নিশ্চিত ভাবে কেন্দ্রীয় KYC তথ্য রেজিস্ট্রীতে পূরণ (আপলোড) করতে হবে।

উপরের গুলি ছাড়াও বিদ্যমান নির্দেশের উপর আরও কিছু সংশোধনী /স্পষ্টীকরণ ডিসেম্বর ৪, ২০১৬ তারিখাঙ্কিত বিজ্ঞপ্তি নং. DBR.AML.BC.No.18/14.01.001/2016-17-তে অন্তর্ভুক্ত হয়েছে।

আপনাদের বিশ্বস্ত

(লিলি ভাদেৱা)

মুখ্য মহাপ্রবন্ধক